# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## প্রথম খন্ড

অর্থ বছর ঃ ২০০৬-২০০৭

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচীপত্র


| ক্রঃ নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ২ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | | ৪ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | | ৫ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ৫ |
| ৮. | অডিটের সুপারিশ | | ৫ |
| ৯. | দ্বিতীয় অধ্যায়ঃ | | ৭ |
| ১০. | অনুচ্ছেদ নম্বর ১. | বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৯—২০ |
| | অনুচ্ছেদ নম্বর ২. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৩. | নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৪. | অনুমোদিত মূল্যের চেয়ে কমমূল্যে পণ্য খালাস/বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৫. | সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৬. | নির্ধারিত সময়ে ভ্যাট প্রদান না করা সত্বেও ২% জরিমানা আদায় না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৭. | প্রযোজ্য হার অপেক্ষা কম হারে আয়কর ধার্য করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৮. | উৎসে আয়কর কম পরিশোধ করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ৯. | সঠিক/অনুমোদিত এইচ এস কোডে শুল্কায়ন না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১০. | প্রযোজ্য হারে সম্পূরক শুল্ক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১১. | রেয়াতি সুবিধা প্রদান করায়/আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | |
| | অনুচ্ছেদ নম্বর ১২. | পণ্যের পরিমাণ কম/অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | |
| ১১. | মহাপরিচালকের স্বাক্ষর | | ২০ |

**ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত
আহমেদ আতাউল হাকিম
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ।

তারিখঃ ১৯/০৮/১৪১৬ বাং বঃ
০৩/১২/২০০৯ খ্রিঃ খ্রিঃ

খ

## মহাপরিচালকের বক্তব্য

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের অডিট আওতাধীন অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর বিভিন্ন প্রতিষ্ঠানের ২০০৬-২০০৭ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষা বিভিন্ন সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ১২টি অনুচ্ছেদের জড়িত অর্থের পরিমাণ ৩৬,৬২,২২,৪২৫ টাকার আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব নমুনায়ণের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা উত্থাপিত সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তা কোন মতেই প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলির ক্ষেত্রবিশেষে সরকারি বিধি-বিধান পরিপালন না করা, সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থ আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম ত্বরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

স্বাক্ষরিত
মোঃ আবদুল বাছেত খান
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

তারিখঃ তাং ০১/০৮/১৪১৬ বাং
১৫/১১/২০০৯ খ্রিঃ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৩০,৫০,৩৪,৭৪৫ |
| ২. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২,৭৫,৩৮,৪৩০ |
| ৩. | নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে রাজস্ব ক্ষতি। | ১৪,৩০,৮২০ |
| ৪. | অনুমোদিত মূল্যের চেয়ে কমমূল্যে পণ্য খালাস/বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | ৬০,০৬,৩০৫ |
| ৫. | সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ১,৪৬,৩৯,৪৮৪ |
| ৬. | নির্ধারিত সময়ে ভ্যাট প্রদান না করা সত্বেও ২% জরিমানা আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ৫,০৮,৪৭৬ |
| ৭. | প্রযোজ্য হার অপেক্ষা কম হারে আয়কর ধার্য করায় রাজস্ব ক্ষতি। | ১৭,৭২,২৭২ |
| ৮. | উৎসে আয়কর কম পরিশোধ করায় রাজস্ব ক্ষতি। | ১৯,৭৭,২৬১ |
| ৯. | সঠিক/অনুমোদিত এইচ এস কোডে শুল্কায়ন না করায় রাজস্ব ক্ষতি। | ৩৪,৬৩,৩০৮ |
| ১০. | প্রযোজ্য হারে সম্পূরক শুল্ক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২১,২৭,০৬৫ |
| ১১. | রেয়াতি সুবিধা প্রদান করায়/আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | ১৬,২২,৭৬৪ |
| ১২. | পণ্যের পরিমাণ কম/অনুমোদিত মূল্য অপেক্ষা কমমূল্যে শুল্কায়ন করায় রাজস্ব ক্ষতি। | ১,০১,৪৯৫ |
| | সর্বমোট= | ৩৬,৬২,২২,৪২৫ |

# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বৎসর ঃ** ২০০৬-২০০৭ ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ** অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ।

**নিরীক্ষার প্রকৃতি ঃ** আর্থিক ও নিয়মানুসরণ অডিট ।

**নিরীক্ষার সময় ঃ** ২০০৭-২০০৮ ।

**নিরীক্ষা পদ্ধতি ঃ**

- রাজস্ব আদায় সংক্রান্ত রেকর্ডপত্র সরেজমিনে যাচাই ।
- কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা ।

**অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন ঃ**

**অডিট সম্পাদন ঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের বিভিন্ন অডিট টীমের সদস্যগণ ।**

**রিপোর্ট প্রণয়ন ঃ**

- জনাব মোঃ এ, কে, আজাদ খান, উপ-পরিচালক ।
- জনাব মোঃ আবদুর রব, অডিট এন্ড একাউন্টস অফিসার ।
- জনাব মোঃ মাহফুজার রহমান আকন্দ, অডিট এন্ড একাউন্টস অফিসার ।
- জনাব জয়েশ্বর চন্দ্র সরকার, এস এ এস সুপার ।
- জনাব মোঃ আবুল হোসেন, এস এ এস সুপার ।

**তত্ত্বাবধান ঃ** মোঃ আবদুল বাছেত খান, মহাপরিচালক ।

**ম্যানেজমেন্ট ইস্যু ঃ** আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে ঃ

- বিধি মোতাবেক রেয়াত গ্রহণ করা হয়নি ।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি ।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ**

- ক্ষেত্র বিশেষে কাস্টমস এ্যাক্ট ১৯৬৯, আয়কর অধ্যাদেশ ১৯৮৪, মূল্য সংযোজন আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধিবিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

**অডিটের সুপারিশঃ**

- সরকারের আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনুমোদিত অর্গানোগ্রাম এবং নিয়োগ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

(অডিট অনুচ্ছেদসমূহ)

অনুঃ নং- ১

**শিরোনাম ঃ বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় ৩০,৫০,৩৪,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৩৭টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানকে বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান করায় সরকারের ৩০,৫০,৩৪,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেয়া হলোঃ-

| ক্রঃ নং | বিবরণ | জড়িত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | কাঁচামালের মূল্য বৃদ্ধি জনিত কারণে নতুন মূল্যভিত্তি ঘোষণা ব্যতিরেকে অতিরিক্ত রেয়াত প্রদান ; | ২৩,৭৫,৭২,৩৮৯ | পরিশিষ্ট "১(ক)" |
| ২। | মালামাল ক্রয় রেজিস্টারে এন্ট্রি না করা সত্বেও রেয়াত প্রদান ; | ৭১,৩৭০ | পরিশিষ্ট "১(খ)" |
| ৩। | করমেয়াদ উত্তীর্ণ রেয়াত প্রদান ; | ৪,৩৯,৯১২/০৯ | পরিশিষ্ট "১(গ)" |
| ৪। | মূল্য ঘোষণা ব্যতিরেকে রেয়াত প্রদান ; | ৩,৪৭,৭৮,৪২০ | পরিশিষ্ট "১(ঘ)" |
| ৫। | ভিন্ন মূসক নিবন্ধন চালানের বিপরীতে রেয়াত প্রদান, | ৭,৭৫,২৭১ | পরিশিষ্ট "১(ঙ)" |
| ৬। | বিধি বহির্ভূতভাবে সরকারি নিষেধাজ্ঞা উপেক্ষা করে উপজাত পণ্যের বিপরীতে রেয়াত প্রদান ; | ২,৯৪,০৯,৩১২/৪৪ | পরিশিষ্ট "১(চ)" |
| ৭। | মূল্য ঘোষণা অনুযায়ী কাঁচামাল ব্যবহারের ষ্ট্যান্ডার্ড অপেক্ষা অতিরিক্ত কাঁচামাল ব্যবহার দেখিয়ে অতিরিক্ত রেয়াত প্রদান ; | ৫,৫৬,৬৬৪ | পরিশিষ্ট "১(ছ)" |
| ৮। | মূসক অব্যাহতি প্রাপ্ত পণ্যে ব্যবহৃত উপকরণের বিপরীতে রেয়াত প্রদান। | ১৪,৩১,৪০৬/৮০ | পরিশিষ্ট "১(জ)" |
| | সর্বমোট= | ৩০,৫০,৩৪,৭৪৫/- | |

- বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১" তে প্রদত্ত হলো।
  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ধারা-৫, বিধি ৩(২) এবং ধারা-৯।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ৯(ট) ধারা।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ ধারা-৯(ছ) এবং ধারা ৫(অ), উপধারা (২)।
- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ধারা ৯ এর উপধারা (ঞ)।
  উল্লিখিত বিধি মোতাবেক জড়িত রেয়াতের টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা বাধ্যতামূলক।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৩, ৭৪, ৭৯, ৮৫, ৯৬, ১০২, ১০৪ ও ১০৫ তাং ১৭-৪-০৮, ২৭-৪-০৮, ৪-৬-০৮, ২৩-৬-০৮, ৩-৮-০৮, ২৬-৮-০৮, ২৬-৯-০৮ ও ৬-১০-০৮ জারি করা সত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৩০,৫০,৩৪,৭৪৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

৩—

অনুঃ নং- ২

**শিরোনাম ঃ** প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় ২,৭৫,৩৮,৪৩০ টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৪ টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের অধীনে ইউনিট প্রতিষ্ঠানের চলতি হিসাব রেজিস্টার, ক্রয় হিসাব পুস্তক, বিক্রয় হিসাব পুস্তক, উৎপাদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, কম উৎপাদন প্রদর্শন করায় ২,৭৫,৩৮,৪৩০ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "২" তে প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা/১৯৯১ এর বিধি-৩ এর উপবিধি-১।
- উল্লিখিত উপবিধি মোতাবেক উপকরণ-উৎপাদন সম্পর্ক বা সহগ (Input-output co-efficient)সহ ফরম মূসক-১ এ মূল্য ভিত্তি সম্পর্কিত ঘোষণা প্রদান করতে হবে এবং ঘোষণা মোতাবেক কাঁচামালের ব্যবহারের ষ্ট্যান্ডার্ড নির্ধারিত। কিন্তু সে মোতাবেক ব্যবহার প্রদর্শন করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- যাচাই করে আদায়ের ব্যবস্থা নেয়া হবে ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪, ৭৯, ৮৫ ও ১০৪ তাং ২৭-৪-০৮, ৪-৬-০৮, ২৩-৬-০৮ ও ১৬-৯-০৮ জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ২,৭৫,৩৮,৪৩০ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-৩

**শিরোনাম ঃ** **নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে ১৪,৩০,৮২০ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৬-২০০৭ সনের হিসাব নিরীক্ষায় দেখা যায় যে, নির্ধারিত হার অপেক্ষা অতিরিক্ত হারে এবং ট্যারিফ মূল্য নির্ধারিত পণ্যের নির্ধারিত অপচয় অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় দেখানোর ফলে ১৪,৩০,৮২০ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট **"৩"** তে প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩ উপবিধি(১)।

উল্লিখিত উপবিধি মোতাবেক মূসক-১ক ফরমে অপচয়ের হার উল্লেখ পূর্বক ঘোষণাপত্র প্রদান এবং অপচয়ের ঘোষিত হার মোতাবেক উৎপাদন প্রদর্শন করতে হবে। কিন্তু এক্ষেত্রে ঘোষিত হার অপেক্ষা অতিরিক্ত হারে অপচয় প্রদর্শন করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪, ৭৯ তাং ২৭৪-০৮, ৪-৬-০৮ জারি করা সত্ত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৪,৩০,৮২০ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৪

**শিরোনাম ঃ** **অনুমোদিত মূল্যের চেয়ে কমমূল্যে পণ্য খালাস/বিক্রয় করায় ৬০,০৬,৩০৫ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৩টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৬-২০০৭ সনের হিসাব নিরীক্ষায় ইউনিট প্রতিষ্ঠানসমূহের ক্রয় রেজিসটার, বিক্রয় হিসাব , বিল অব এন্ট্রিসমূহ এবং অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, উৎপাদিত পণ্য অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে খালাস/বিক্রয় করা হয়েছে। ফলে মূসক বাবদ ৬০,০৬,৩০৫ টাকা কম পরিশোধ করা হয়েছে। এরূপ কম মূল্যে পণ্য বিক্রয় করায় মূল্য সংযোজন কর বাবদ ৬০,০৬,৩০৫ টাকা পরিহার করা হয়। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৪" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩(১)।
- নথি নং-৪/মূসক/নিবন্ধন/কালি/২০০২/১৯০৯(৩) তাং ৪-৫-০৬।
- নথি নং-৪(৬)০৬/বাস্ত/মূল্য অনু/নারিকেল তেল/২০০৭/৪০৮ তাং ১৯-৩-০৭।
- নথি নং-৪/মূসক)৬)৩১১/প্লাষ্টিক ব্যাগ/২০০১/৭২৬৯ তাং ৭-৯-০৬ ও ১৬-৭-০৭।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আলোচনা করে আদায়/ সমন্বয়ের কার্যক্রম নেয়া হবে ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উথাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। প্রবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪, ৭৯, ৮৫, ৯৩, ৯৬, ১০১, ১০৪ তাং২৭-৪-০৮, ৪-৬-০৮, ২৩-৬-০৫, ৩১-৭-০৮, ৩-৮-০৮, ২৬-৮-০৮, ১৬-৯-০৮ জারি করা সত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৬০,০৬,৩০৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৫

**শিরোনাম ঃ** সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় ১,৪৬,৩৯,৪৮৪ টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৭টি কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব অডিটকালে দেখা যায় যে, সংশ্লিষ্ট সার্কেলের আওতাধীন প্রতিষ্ঠানের মূসক-১৬, মূসক-১৭, মূসক-১৮, মূল্য ঘোষণা, বিল অব এন্ট্রি, চালানপত্র ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট সম্পূরক শুল্ক ও ভ্যাট বাবদ টাকা আদায়/ জমা না করায় ১,৪৬,৩৯,৪৮৪ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৫" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর দ্বিতীয় তফসিল
- মূল্য সংযোজন কর বিধিমালা,১৯৯১ এর বিধি ৩(১)।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪, ৭৯ ও ৯৬ তাং ২৭-৪-০৮, ৪-৬-০৮ ও ৩-৮-০৮ জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১,৪৬,৩৯,৪৮৪ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৬

**শিরোনাম ঃ নির্ধারিত সময়ে ভ্যাট প্রদান না করা সত্বেও ২% জরিমানা আদায় না করায় ৫,০৮,৪৭৬ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সেগুনবাগিচা সার্কেল, ঢাকা কার্যালয়ের ২০০৬-২০০৭ সনের হিসাব নিরীক্ষাকালে সার্কেলের আওতাধীন বিভিন্ন সেবা প্রতিষ্ঠানের দাখিলাপত্র ও ট্রেজারী চালান পর্যালোচনায় দেখা যায় যে, সংশিষ্ট প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে ভ্যাট প্রদান না করা সত্বেও ২% জরিমানা আদায় না করায় ৫,০৮,৪৭৬ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৬" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

  - মূল্য সংযোজন কর আইন-১৯৯১ এর ধারা-৩৭ এর উপধারা (৩)

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- পরীক্ষান্তে আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা নেয়া হবে ।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৯ তাং ৪-৬-০৮ জারি করা সত্বেও এতদবিষয়ে সংশিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৫,০৮,৪৭৬ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-৭

**শিরোনাম ঃ** **প্রযোজ্য হার অপেক্ষা কম হারে আয়কর ধার্য করায় ১৭,৭২,২৭২ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি উপ-কর কমিশনার, কর সার্কেলের ২০০৬-২০০৭ অর্থ বৎসরের অডিটে করদাতার নথি পরীক্ষায় দেখা যায় যে, প্রযোজ্য হার অপেক্ষা কম হারে আয়কর ধার্য করায় ১৭,৭২,২৭২ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৭" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ
- জাতীয় রাজস্ব বোর্ডের ২০০৫ সনের পরিপত্র-১(আয়কর) এর অনুচ্ছেদ ১এর দফা খ(অ)এর শর্তাংশ খ
- অর্থ আইন ২০০৩ এর ধারা ৪৩ এর অধীনে কর তফসিলের অনুচ্ছেদ খ(১)(অ)।
- উল্লিখিত অনুচ্ছেদের শর্তাংশের "খ" মোতাবেক কোম্পানী ১০% কম লভ্যাংশ ঘোষণা করলে অথবা সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ঘোষিত লভ্যাংশ প্রদান না করায় ৩৭.৫% হারে কর প্রযোজ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৭৩ ধারায় সংশোধন করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৮৫ ও ১০১ তাং ২৩-৬-০৮ ও ২৬-৮-০৮ জারি করা সত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৭,৭২,২৭২ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ৮

**শিরোনাম ঃ** **উৎসে আয়কর কম কর্তন করায় আয়কর বাবদ ১৯,৭৭,২৬১ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৪টি কর সার্কেলের বিভিন্ন সনের হিসাব নিরীক্ষায় করদাতাদের হিসাব বিবরণী, কর নির্ধারণী আদেশ (আইটি-৮৮), আই টি-৩০, উৎসে কর কর্তনের চালান ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, পুঞ্জিভূত পরিশোধিত বিলের পরিমান ২৫ লক্ষ টাকার অধিক হলে উৎসে ৪% হারে আয়কর কর্তন করার বিধান থাকা সত্বেও সঠিকভাবে তাহা প্রতিপালন না করায় সরকারের ১৯,৭৭,২৬১ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৮" তে প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ-

- আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২।
- জাতীয় রাজস্ব বোর্ডের এস আর ও নং-৬/আইন/২০০২ তাং ৬-১-২০০২ ইং ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- আপত্তিকৃত টাকা আদায় করে অডিট অধিদপ্তরকে জানানো হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৮৫, ৯৩ ও ১০৩ তাং ২৩-৬-০৮, ৩১-৭-০৮ ও ৩-৯-০৮ জারি করা সত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৯,৭৭,২৬১ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৯

**শিরোনাম ঃ** সঠিক/অনুমোদিত এইচ এস কোডে শুল্কায়ন না করায় ৩৪,৬৩,৩০৮ টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কমিশনার, কাস্টম হাউজ (ঢাকা, চট্টগ্রাম, বেনাপোল, যশোর) এবং যুগ্ম কমিশনার, কাস্টম হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা এর ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় পরিলক্ষিত হয় যে, কোন কোন আমদানী বিলে আমদানীকৃত পণ্য সঠিক এইচ এস কোডে শুল্কায়ন করা হয়নি এবং কিছু সংখ্যক বিলে শ্রেণীবিন্যাসকৃত এইচ এস কোডে শুল্কায়ন না করে কোড পরিবর্তন করে শুল্কায়ন করা হয়েছে যা ভিন্ন কোডে প্রিন্ট দেয়া হয়েছে। ফলে শুল্ক করাদি বাবদ ৩৪,৬৩,৩০৮ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "৯" তে প্রদত্ত হলো।
  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত কোডের ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ
- এইচ এস কোড ৮৪৩৯.৯৯.০০, ৩৯২৪.১০.০০, ৩৯২০.৪৩.০০ ২৩.১০.০০, ৮৭১৪.৯৯.৯০ এবং ৮৫০৬.১০.২০, ৮৫০৭.৮০.০০, ৮৫৪৪.১৯.১০, ৩৩০৪.৯১.০০, ৬৮০২.২১.০০, ৬৮০২.২৩.০০, ৬৮০২.৯১.০০, ৭৩২৬.১৯.০০, ৩৫০৭.১০.০০, ৮৫২৫.২০.২৯, ৮৫১৭.৯০.০০, ২৮২৩.১০.০০, ৪৪২১.৯০.৯০, ৬০০১.২২.০০, ৭০০৯.১০.১০, ৮৫১০.৯৯.০০, ৮২১২.১০.০০, ৮৫১৮.৩০.০০, ৮৫১৯.৯২.২০।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- স্থানীয় অফিস জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪, ৭৯ ও ৮৫ তাং ২৭-৪-০৮, ৪-৬-০৮ ও ২৩-৬-০৮ জারি করা সত্ত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ৩৪,৬৩,৩০৮ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং- ১০

**শিরোনাম ঃ** প্রযোজ্য হারে সম্পূরক শুল্ক আদায় না করায় ২১,২৭,০৬৫ টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কমিশনার, কাস্টম হাউজ, চট্টগ্রাম এর ২০০৬-২০০৭ সনের হিসাব নিরীক্ষায় বিল অব এন্ট্রি ও সংশ্লিষ্ট ডকুমেন্ট পর্যালোচনায় দেখা যায় যে, প্রযোজ্য হারে সম্পূরক শুল্ক আদায় না করায় ২১,২৭,০৬৫ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১০" তে প্রদত্ত হলো।

আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- অর্থ আইন/২০০৫।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- স্থানীয় অফিস জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪ তাং ২৭-৪-০৮ জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ২১,২৭,০৬৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-১১

**শিরোনাম ঃ** রেয়াতি সুবিধা প্রদান করায় / আলাদাভাবে আমদানীকৃত যন্ত্রাংশ রেয়াতি হারে শুল্কায়ন করায় ১৬,২২,৭৬৪ টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রামের ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় বিল অব এন্ট্রি, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, যন্ত্রাংশসমূহ কোন মূল মেশিনের সাথে আমাদানী না করা সত্বেও আলোচ্য চালানসমূহের বিপরীতে মেশিনারী সুবিধা প্রদান করায় ১৬,২২,৭৬৪ টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১১" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- এস আর ও নং-১৬৪-আইন/২০০৫/২০৭৬/শুল্ক তাং ৯-৬-০৫খ্রিঃ এর টেবিল-২।
- এইচ এস কোড ৮৪৩৯.৯৯.০০।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- স্থানীয় অফিস জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উথাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪ তাং ২৭-৪-০৮ জারি করা সত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১৬,২২,৭৬৪ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুঃ নং-১২

**শিরোনাম ঃ** **পণ্যের পরিমাণ কম/অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে শুল্কায়ন করায় ১,০১,৪৯৫ টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ**

- অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কমিশনার, কাস্টম হাউজ, ঢাকা এবং স্থল শুল্ক ষ্টেশন, টেকনাফ,কক্সবাজার এর ২০০২-২০০৩ হতে ২০০৬-২০০৭ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় বিল অব এন্ট্রি, সরকার কর্তৃক অনুমোদিত মূল্য ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পণ্যের পরিমান কম ধরে সরকার কর্তৃক অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে শুল্কায়ন করায় ১,০১,৪৯৫ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১২" তে প্রদত্ত হলো।

  আলোচ্য ক্ষেত্রে নিম্নোক্ত বিধির ব্যত্যয় পরিলক্ষিত হয় ঃ

- কমিশনার, চট্টগ্রাম ভ্যাট কমিশনারেট কার্যালয়ের স্মারক নং-৫ম/২০(১৮)এলসি (এডমিন) ২০০০ (পার্ট-১) ৪৩১৪-১৭ তাং ২২-১১-০৬।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ**

- পণ্যের সাইজ ও গুনগত মানের ১০০% পরীক্ষা (বাস্তব পরিমান যাচাই) করে শুল্কায়ন করা হয়েছে।
- কিছু ক্ষেত্রে জবাব প্রদানে বিরত থাকে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

- সরকারি খাতে জমা করার প্রচেষ্টা অব্যাহত থাকার প্রমাণস্বরূপ এ পর্যন্ত কোন অর্থ জমার প্রমাণক পাওয়া যায়নি। সরকারি রাজস্ব অনাদায় সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবরে পাঠানো হয়। পরবর্তীতে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে সচিব, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র নং- ৭৪ ও ৭৯ তাং ২৭-৪-০৮ ও ৪-৬-০৮ জারি করা সত্ত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

- আপত্তিকৃত ১,০১,৪৯৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

স্বাক্ষরিত

মোঃ আবদুল বাছেত খান
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০।

বাঃসঃমুঃ-২০০৯/১০-২৫৬১কম/এ-৭৫০ বই-২০০৯।